

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রকল্প পরিচালকের কার্যালয়

শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প(২য় পর্যায়)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

আইসিটি টাওয়ার, আগাঁরগাও, ঢাকা- ১২০৭

[www.sheikhrusseldigitallab.gov.bd](http://www.sheikhrusseldigitallab.gov.bd)



স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.২০.০৮৩.২১.৩২৪

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৮

১০ মার্চ ২০২২

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের আওতায় নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাবকক্ষ রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইন বাস্তবায়ন সংক্রান্ত কাজের ব্যয়ের জন্য প্রেরিত অর্থ উত্তোলনের সময় বৃদ্ধি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়)” প্রকল্পটির আওতায় সারাদেশে নির্বাচিত ৫০০০ টি শিক্ষা প্রতিষ্ঠানে “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপনের জন্য ল্যাবকক্ষ রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইন বাস্তবায়ন সংক্রান্ত কাজের জন্য প্রতিটি নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের বরাবর ভ্যাট/ট্যাক্স সহ মোট ৬৫,০০০/- (পঁয়ষাট্টি হাজার) টাকা প্রদানের সংস্থান রয়েছে।

২। চলতি ২০২১-২২ অর্থবছরে ১২৮০২০১-২২৪৩১৭৮০০০০০০০০-১১০০১০০০-৪১১২৩১৪ অর্থনৈতিক কোড হতে নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাবকক্ষ রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইন বাস্তবায়ন সংক্রান্ত কাজের জন্য আসবাবপত্র ব্যয়খাত হতে প্রতিটি বিভাগে নির্বাচিত ৫০০০ (পাঁচ হাজার) টি নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিটি প্রতিষ্ঠানের জন্য ভ্যাট/ট্যাক্স সহ মোট ৬৫,০০০/- (পঁয়ষাট্টি হাজার) টাকা হারে সর্বমোট ৫,০০০ x ৬৫,০০০ = ৩২,৫০,০০,০০০/- (বত্রিশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ব্যয়ের মঞ্জুরি/অর্থরীতি সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তার বিপরীতে প্রদান (আইবাস বরাদ্দসহ) করা হয়েছে। আইবাসের তথ্য অনুযায়ী ইতোমধ্যে ৫০০০টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ১৮৭২ টি শিক্ষা প্রতিষ্ঠান অর্থ উত্তোলন করেছে। বাকি ৩১২৮ টি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য বরাদ্দকৃত অর্থ উত্তোলনের সময়সীমা আগামী ৩১/০৫/২০২২ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। অর্থ ব্যয়ের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবে।

শর্তাবলী:

- ১। অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Rules-2008 সহ যাবতীয় আর্থিক বিধি-বিধান Financial Propriety যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ২। বিল ভাউচার দিয়ে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা এবং সংশ্লিষ্ট বিভাগ/জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা কার্যালয়ে ৩১/০৫/২০২২ তারিখের মধ্যে অর্থ উত্তোলন করতে হবে।
- ৩। কার্য সমাপ্তি শেষে অব্যয়িত অর্থ (যদি থাকে) বিধি মোতাবেক সমর্পণ করতে হবে এবং সংযুক্ত ছক মোতাবেক কাজ সমাপ্তি ও ব্যয়ের প্রত্যয়ন সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক আবশ্যিকভাবে প্রকল্প পরিচালকের কার্যালয়ে ১০/০৬/২০২২ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

R.Mahab

১০-৩-২০২২

মোঃ রেজাউল মাকচুদ জাহেদী

প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২-৫৫০০৬৮২৬

ফ্যাক্স: ০২-৫৫০০৬৮২৬

ইমেইল: [pdsrdl@doict.gov.bd](mailto:pdsrdl@doict.gov.bd)


বিতরণ :

১) জেলা প্রশাসক, (সকল)

২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ২) উপ প্রকল্প পরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব), প্রকল্প পরিচালকের দপ্তর, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়)
- ৩) উপ প্রকল্প পরিচালক (সাধারণ) (অতিরিক্ত দায়িত্ব), প্রকল্প পরিচালকের দপ্তর, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়)
- ৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা ১০০০।
- ৭) প্রোগ্রামার সকল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৮) সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৯) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
- ১০) প্রধান শিক্ষক/অধ্যক্ষ, নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান (সকল)



১০-৩-২০২২

মোঃ রেজাউল মাকচুদ জাহেদী  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)